অধ্যায়-১: সেট ও ফাংশন

প্রশ্ন ▶১ $f : \nabla \to \nabla$ এবং $g : \nabla \to \nabla$ ফাংশনদ্বয় $f(x) = \dfrac{2x + 2}{x - 1}$ এবং $g(x) = \dfrac{x - 3}{2x + 1}$ দ্বারা সংজ্ঞায়িত।

ক. f এর ডোমেন নির্ণয় কর। ২

খ. দেখাও যে, g ফাংশনটি এক-এক এবং সার্বিক ফাংশন। ৪

গ. $3\ f^{-1}(x) = x$ হলে x এর মান নির্ণয় কর।৪

১ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = \dfrac{2x + 2}{x - 1}$

এখন, $f(x)$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে যদিও কেবল যদি

$x - 1 \neq 0$ বা, $x \neq 1$ হয়।

$\therefore$ ডোমেন $= \nabla - \{1\}$ **(Ans.)**

খ দেওয়া আছে, $g(x) = \dfrac{x - 3}{2x + 1}$

$g(x) \in \nabla$ হবে যদি ও কেবল যদি $2x + 1 \neq 0$ বা, $x \neq -\dfrac{1}{2}$ হয়।

$\therefore$ ডোম, $g = \nabla - \left\{-\dfrac{1}{2}\right\}$

$g(x)$ এক-এক হবে যদি ও কেবল যদি যেকোনো $a, b \in$ ডোম g এর জন্য $g(a) = g(b)$ হলে $a = b$ হয়।

ধরি, $g(a) = g(b)$

বা, $\dfrac{a - 3}{2a + 1} = \dfrac{b - 3}{2b + 1}$

বা, $2ab - 6b + a - 3 = 2ab - 6a + b - 3$

বা, $a + 6a = b + 6b$

বা, $7a = 7b \quad \therefore a = b$

অতএব, $g(x)$ ফাংশনটি এক-এক। **(দেখানো হলো)**

ধরি, $y = g(x) = \frac{x-3}{2x+1}$

বা, $2xy + y = x - 3$

বা, $y + 3 = x - 2xy$

বা, $y + 3 = x(1 - 2y)$

$\therefore x = \frac{y+3}{1-2y} \in \nabla$ হবে যদি ও কেবল যদি $1 - 2y \neq 0$ বা $y \neq \frac{1}{2}$ হয়।

$\therefore g(x)$ এর রেঞ্জ $= \nabla - \left\{\frac{1}{2}\right\}$ = কোডোমেন

$\therefore g(x)$ ফাংশনটি সার্বিক।

[**বিঃ দ্রঃ** $g : \nabla \to \nabla$ শর্তে প্রশ্নটি সঠিক নয়। $g : \nabla - \left\{-\frac{1}{2}\right\} \to \nabla - \left\{\frac{1}{2}\right\}$ শর্তে $g(x)$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে এবং এক-এক ও সার্বিক হবে। তাই এই শর্ত বিবেচনা করে প্রশ্নটির সমাধান দেওয়া হয়েছে।]

গ দেওয়া আছে, $f(x) = \frac{2x+2}{x-1}$

ধরি, $f^{-1}(x) = a$

বা, $x = f(a)$

বা, $x = \frac{2a+2}{a-1}$

বা, $ax - x = 2a + 2$

বা, $ax - 2a = x + 2$

বা, $a(x - 2) = x + 2$

বা, $a = \frac{x+2}{x-2}$

$\therefore f^{-1}(x) = \frac{x+2}{x-2}$

প্রশ্নমতে, $3f^{-1}(x) = x$

বা, $3\left(\frac{x+2}{x-2}\right) = x$

বা, $3x + 6 = x^2 - 2x$

বা, $x^2 - 5x - 6 = 0$

বা, $x^2 - 6x + x - 6 = 0$

বা, $x(x - 6) + 1(x - 6) = 0$

বা, $(x - 6)(x + 1) = 0$

$\therefore x = -1, 6$ **(Ans.)**

প্রশ্ন ▶ ২ $A = \{x : x \in \nabla$ এবং $x^2 - (p + q)x + pq = 0; p, q \in \nabla\}$, $B = \{2, 3\}$ এবং $C = \{3, 4, 5\}$ *[ঢা. বো. ১৬]*

ক. উপসেট ও পূরক সেট কী? ২

খ. দেখাও যে, $P(B \cap C) = P(B) \cap P(C)$. ৪

গ. প্রমাণ কর যে, $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$. ৪

২ নং প্রশ্নের সমাধান

ক **উপসেট:** A ও B সেট হলে A কে B এর উপসেট বলা হয় যদি ও কেবল যদি A এর প্রত্যেক উপাদান B এর উপাদান হয় এবং একে $A \subseteq B$ লিখে প্রকাশ করা হয়।

পূরক সেট: যদি U সার্বিক সেট এবং A সেটটি U এর উপসেট হয়, তাহলে A সেটের বহির্ভূত সকল উপাদান নিয়ে গঠিত সেটকে A সেটের পূরক সেট বলে। A এর পূরক সেটকে A^c বা A' দ্বারা প্রকাশ করা হয়। গাণিতিকভাবে $A^c = U \backslash A$

খ দেওয়া আছে,

$B = \{2, 3\}$

$C = \{3, 4, 5\}$

$\therefore B \cap C = \{2, 3\} \cap \{3, 4, 5\} = \{3\}$

বামপক্ষ $= P(B \cap C) = \{\{3\}, \phi\}$

আবার, $P(B) = \{\{2\}, \{3\}, \{2, 3\}, \phi\}$

এবং $P(C) = \{\{3\}, \{4\}, \{5\}, \{3, 4\}, \{4, 5\}, \{3, 5\}, \{3, 4, 5\}, \phi\}$

ডানপক্ষ $= P(B) \cap P(C)$

$= \{\{2\}, \{3\}, \{2, 3\}, \phi\} \cap \{\{3\}, \{4\}, \{5\}, \{3, 4\}, \{4, 5\}, \{3, 5\}, \{3, 4, 5\}, \phi\} = \{\{3\}, \phi\}$

$\therefore P(B \cap C) = P(B) \cap P(C)$ **(দেখানো হলো)**

গ দেওয়া আছে,

$A = \{x : x \in \nabla$ এবং $x^2 - (p + q)x + pq = 0; p, q \in \nabla\}$

$B = \{2, 3\}$

$C = \{3, 4, 5\}$

এখন, $x^2 - (p + q)x + pq = 0$

বা, $x^2 - px - qx + pq = 0$

বা, $x(x - p) - q(x - p) = 0$

$\therefore (x - p)(x - q) = 0$

হয়, $x - p = 0$ অথবা, $x - q = 0$

$\therefore x = p \quad \therefore x = q$

$\therefore A = \{p, q\}$

আবার, $B \cup C = \{2, 3\} \cup \{3, 4, 5\} = \{2, 3, 4, 5\}$

$A \times B = \{p, q\} \times \{2, 3\} = \{(p, 2), (p, 3), (q, 2), (q, 3)\}$

$A \times C = \{p, q\} \times \{3, 4, 5\}$

$= \{(p, 3), (p, 4), (p, 5), (q, 3), (q, 4), (q, 5)\}$

বামপক্ষ $= A \times (B \cup C) = \{p, q\} \times \{2, 3, 4, 5\}$

$= \{(p, 2), (p, 3), (p, 4), (p, 5), (q, 2), (q, 3), (q, 4), (q, 5)\}$

ডানপক্ষ $= (A \times B) \cup (A \times C)$

$= \{(p, 2), (p, 3), (q, 2), (q, 3)\} \cup \{(p, 3), (p, 4), (p, 5), (q, 3), (q, 4), (q, 5)\}$

$= \{(p, 2), (p, 3), (p, 4), (p, 5), (q, 2) (q, 3), (q, 4), (q, 5)\}$

$\therefore A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৩ $A = \{x : x \in \nabla$ এবং $x^2 - (a + b)x + ab = 0\}$, $B = \{2,3\}$, $C = \{2,4,5\}$ যেখানে $a, b \in \nabla$ *[ঢা. বো. ১৫]*

ক. A সেটের উপাদানসমূহ নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $P(B \cap C) = P(B) \cap P(C)$. ৪

গ. প্রমাণ কর যে, $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$. ৪

৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$A = \{x : x \in \nabla$ এবং $x^2 - (a + b)x + ab = 0\}$

$= \{x : x \in \nabla$ এবং $x^2 - ax - bx + ab = 0\}$

$= \{x : x \in \nabla$ এবং $x(x - a) - b(x - a) = 0\}$

$= \{x : x \in \nabla$ এবং $(x - a)(x - b) = 0\}$

$= \{x : x \in \nabla$ এবং $x = a, b\}$

$= \{a, b\}$

$\therefore$ A সেটের উপাদানসমূহ a এবং b **(Ans.)**

খ দেওয়া আছে, $B = \{2, 3\}$ এবং $C = \{2, 4, 5\}$

$\therefore B \cap C = \{2\}$

$P(B \cap C) = \{\{2\}, \phi\}$

আবার, $P(B) = \{\{2\}, \{3\}, \{2, 3\}, \phi\}$

$P(C) = \{\{2\}, \{4\}, \{5\}, \{2, 4\}, \{4, 5\}, \{2, 5\}, \{2, 4, 5\}, \phi\}$

$\therefore P(B) \cap P(C) = \{\{2\}, \phi\}$

$\therefore P(B \cap C) = P(B) \cap P(C)$ **(দেখানো হলো)**

গ $B \cup C = \{2, 3\} \cup \{2, 4, 5\} = \{2, 3, 4, 5\}$

এখন, $A \times (B \cup C)$

$= \{a, b\} \times \{2, 3, 4, 5\}$

$= \{(a, 2), (a, 3), (a, 4), (a, 5), (b, 2), (b, 3), (b, 4), (b, 5)\}$

$A \times B = \{a, b\} \times \{2, 3\}$

$= \{(a, 2), (a, 3), (b, 2), (b, 3)\}$

$A \times C = \{a, b\} \times \{2, 4, 5\}$

$= \{(a, 2), (a, 4), (a, 5), (b, 2), (b, 4), (b, 5)\}$

এখন, $(A \times B) \cup (A \times C)$

$= \{(a, 2), (a, 3), (b, 2), (b, 3)\} \cup \{(a, 2), (a, 4), (a, 5), (b, 2), (b, 4), (b, 5)\}$

$= \{(a, 2), (a, 3), (a, 4), (a, 5), (b, 2), (b, 3), (b, 4), (b, 5)\}$

$\therefore A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶৪ $f(x) = \frac{2}{x - 3}$ *[রা. বো. ১৭]*

ক. $f(x)$ এর ডোমেন নির্ণয় কর। ২

খ. $f^{-1}(5)$ নির্ণয় কর। ৪

গ. প্রদত্ত ফাংশনের লেখচিত্র অঙ্কন কর। ৪

৪ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = \frac{2}{x - 3}$

$f(x)$ সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি,

$x - 3 \neq 0$ বা, $x \neq 3$ হয়।

$\therefore$ ডোমেন $= \nabla - \{3\}$ **(Ans.)**

খ ধরি, $f^{-1}(x) = a$

$\therefore x = f(a)$

বা, $x = \frac{2}{a - 3}$

বা, $x(a - 3) = 2$

বা, $ax - 3x = 2$

বা, $ax = 3x + 2$

বা, $a = \frac{3x + 2}{x}$

$\therefore f^{-1}(x) = \frac{3x + 2}{x}$

$\therefore f^{-1}(5) = \frac{3.5 + 2}{5} = \frac{17}{5}$ **(Ans.)**

গ ধরি, $y = f(x) = \frac{2}{x - 3}$

এখন, x এর কয়েকটি মানের জন্য y এর মান নির্ণয় করি:

x	– 2	0	2	4	5	7
$y = f(x)$	– 0.4	– 0.67	– 2	2	1	0.5

ছক কাগজে XOX′ বরাবর X-অক্ষ এবং YOY′ বরাবর Y-অক্ষ এবং উভয় অক্ষ বরাবর ক্ষুদ্রতম বর্গের প্রতি 3 ঘরকে একক ধরি। ছকে প্রাপ্ত বিন্দুগুলো (– 2, – 0.4), (0, – 0.67), (2, – 2), (4, 2), (5, 1) ও (7, 0.5) স্থাপন করে যোগ করি। তাহলেই প্রদত্ত ফাংশনের লেখচিত্র পাওয়া যায়।



প্রশ্ন ▶ ৫ $A = \{x : x \in \wedge \text{ এবং } x^2 \leq 4\}$

$B = \{x \in \mid : x \text{ বিজোড় সংখ্যা এবং } x < 5\}$

$C = \{3, 5\}$ *[রা. বো. ১৫]*

ক. A সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর।২

খ. দেখাও যে, $P(B) \cup P(C) \subset P(B \cup C)$. ৪

গ. $S = \{(x, y) : x \in A, y \in A$ এবং $y = \sqrt{4 - x^2}\}$ অন্বয়টিকে তালিকা পদ্ধতিতে বর্ণনা করে ডোম S এবং রেঞ্জ S নির্ণয় কর। ৪

৫ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $A = \{x : \in \wedge$ এবং $x^2 \leq 4\}$

আমরা জানি, পূর্ণসংখ্যার সেট, $\wedge = \{... ..., -3, -2, -1, 0, 1, 2, 3, ...\}$

এখন, $x = 0$ হলে, $x^2 = 0 < 4$

$x = \pm 1$ হলে, $x^2 = (\pm 1)^2 = 1 < 4$

$x = \pm 2$ হলে, $x^2 = (\pm 2)^2 = 4$

$x = \pm 3$ হলে, $x^2 = (\pm 3)^2 = 9 > 4$

$\therefore A = \{-2, -1, 0, 1, 2\}$ **(Ans.)**

খ দেওয়া আছে,

$B = \{x \in |$: x বিজোড় সংখ্যা এবং $x < 5\}$ এবং $C = \{3, 5\}$

আমরা জানি,

স্বাভাবিক সংখ্যার সেট, $| = \{1, 2, 3, ..., n, ...\}$

$\therefore$ বিজোড় সংখ্যার সেট হবে, $\{1, 3, 5, ... (2n + 1), ...\}$

$\therefore B = \{1, 3\}$

$\therefore P(B) = \{\{1\}, \{3\}, \{1, 3\}, \phi\}$

এবং $P(C) = \{\{3\}, \{5\}, \{3, 5\}, \phi\}$

$\therefore P(B) \cup P(C) = \{\{1\}, \{3\}, \{1, 3\}, \phi\} \cup \{\{3\}, \{5\}, \{3, 5\}, \phi\}$

$= \{\{1\}, \{3\}, \{5\}, \{1, 3\}, \{3, 5\}, \phi\}$ ..... (i)

আবার, $B \cup C = \{1, 3\} \cup \{3, 5\} = \{1, 3, 5\}$

$\therefore P(B \cup C) = \{\{1\}, \{3\}, \{5\}, \{1, 3\}, \{3, 5\}, \{1, 5\},$

$\{1, 3, 5\}, \phi\}$ ..... (ii)

(i) ও (ii) নং থেকে পাই,

$P(B) \cup P(C) \subset P(B \cup C)$ **(দেখানো হলো)**

গ দেওয়া আছে, $S = \{(x, y) : x \in A, y \in A$ এবং $y = \sqrt{4 - x^2}\}$

'ক' থেকে পাই, $A = \{-2, -1, 0, 1, 2\}$

এখন, $y = \sqrt{4 - x^2}$

অতএব, $x = 0$ হলে, $y = \sqrt{4 - 0} = \sqrt{4} = 2 \quad \therefore (0, 2) \in S$

$x = \pm 1$ হলে, $y = \sqrt{4 - (\pm 1)^2} = \sqrt{4 - 1} = \sqrt{3}$

$\therefore (-1, \sqrt{3}) \notin S$ এবং $(1, \sqrt{3}) \notin S$

$x = \pm 2$ হলে, $y = \sqrt{4 - (\pm 2)^2} = \sqrt{4 - 4} = 0$

$\therefore (-2, 0) \in S$ এবং $(2, 0) \in S$

$\therefore S = \{(0, 2), (2, 0), (-2, 0)\}$

$\therefore$ ডোম $S = \{-2, 0, 2\}$ এবং রেঞ্জ $S = \{0, 2\}$ **(Ans.)**

প্রশ্ন ▶৬ $f(x) = \dfrac{2x + 3}{x - 3}$; $x \neq 3$ একটি ফাংশন। *[কু. বো. ১৭]*

ক. $f(a - 1)$ এর মান বের কর। ২

খ. প্রদত্ত ফাংশনটির বিপরীত ফাংশন বের কর। ৪

গ. দেখাও যে, f এক-এক এবং অনটু। ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = \dfrac{2x + 3}{x - 3}$

$\therefore f(a - 1) = \dfrac{2(a - 1) + 3}{(a - 1) - 3} = \dfrac{2a - 2 + 3}{a - 1 - 3} = \dfrac{2a + 1}{a - 4}$ **(Ans.)**

খ মনে করি, $f^{-1}(x) = a$

$\therefore x = f(a)$

বা, $x = \dfrac{2a + 3}{a - 3}$

বা, $ax - 3x = 2a + 3$ বা, $ax - 2a = 3x + 3$

বা, $a(x - 2) = 3x + 3$ বা, $a = \dfrac{3x + 3}{x - 2}$

$\therefore f^{-1}(x) = \dfrac{3x + 3}{x - 2}$; $x \neq 2$ **(Ans.)**

গ $f(x)$ এক-এক হবে যদি ও কেবল যদি যেকোনো $x_1, x_2 \in$ ডোম f এর জন্য $f(x_1) = f(x_2)$ হলে $x_1 = x_2$ হয়।

ধরি, $f(x_1) = f(x_2)$

বা, $\dfrac{2x_1 + 3}{x_1 - 3} = \dfrac{2x_2 + 3}{x_2 - 3}$

বা, $2x_1x_2 + 3x_2 - 6x_1 - 9 = 2x_1x_2 - 6x_2 + 3x_1 - 9$

বা, $-6x_1 - 3x_1 = -6x_2 - 3x_2$

বা, $-9x_1 = -9x_2$

$\therefore x_1 = x_2$

$\therefore f$ ফাংশনটি এক-এক।

আবার, ধরি, $y = f(x)$

$$\therefore y = \frac{2x + 3}{x - 3}$$

বা, $xy - 3y = 2x + 3$

বা, $xy - 2x = 3y + 3$

বা, $x(y - 2) = 3y + 3$

$$\therefore x = \frac{3y + 3}{y - 2}$$

এখন, $f\left(\frac{3y + 3}{y - 2}\right) = \frac{2 \cdot \frac{3y + 3}{y - 2} + 3}{\frac{3y + 3}{y - 2} - 3}$

$$= \frac{6y + 6 + 3y - 6}{y - 2} \times \frac{y - 2}{3y + 3 - 3y + 6}$$

$$= \frac{9y}{9} = y = f(x)$$

$\therefore f$ ফাংশনটি অনটু।

অতএব, f এক-এক এবং অনটু ফাংশন। **(দেখানো হলো)**

প্রশ্ন ▶ ৭ $F(x) = \sqrt{2 - 4x}$ একটি ফাংশন। *[কু. বো. ১৬]*

ক. $F(x)$ দ্বারা বর্ণিত ফাংশনের ডোমেন নির্ণয় কর। ২

খ. F একটি এক-এক ফাংশন কি না নির্ধারণ কর। ৪

গ. $F^{-1}(-3)$ এর মান নির্ণয় কর। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $F(x) = \sqrt{2 - 4x}$

$F(x) \in \nabla$ হবে যদি এবং কেবল যদি $2 - 4x \geq 0$ হয়।

বা, $-4x \geq -2$

বা, $4x \leq 2$

$$\therefore x \leq \frac{1}{2}$$

$\therefore$ ডোমেন $F = \{x \in \nabla : x \leq \frac{1}{2}\}$ **(Ans.)**

খ $F(x) = \sqrt{2 - 4x}$

ধরি, $x_1, x_2 \in$ ডোম F

ফাংশনটি এক-এক হবে যদি ও কেবল যদি $F(x_1) = F(x_2)$ হলে

$x_1 = x_2$ হয়।

$\therefore F(x_1) = F(x_2)$

বা, $\sqrt{2 - 4x_1} = \sqrt{2 - 4x_2}$

বা, $2 - 4x_1 = 2 - 4x_2$

বা, $-4x_1 = -4x_2$

$\therefore x_1 = x_2$ [-4 দ্বারা ভাগ করে]

$\therefore F(x)$ একটি এক এক ফাংশন **(Ans.)**

গ ধরি, $y = F(x) = \sqrt{2 - 4x}$

এখন, $F(x) = y$

$\therefore x = F^{-1}(y)$

আবার, $y = \sqrt{2 - 4x}$

বা, $y^2 = 2 - 4x$

বা, $4x = 2 - y^2$

বা, $x = \frac{2 - y^2}{4}$

বা, $F^{-1}(y) = \frac{2 - y^2}{4}$

$\therefore F^{-1}(x) = \frac{2 - x^2}{4}$

$\therefore F^{-1}(-3) = \frac{2 - (-3)^2}{4}$

$= \frac{2 - 9}{4} = \frac{-7}{4}$ **(Ans.)**

প্রশ্ন ▶ ৮ $F(x) = \frac{1}{x-5}$ একটি ফাংশন, *[কু. বো. ১৫]*

ক. $F(x) = 2$ হলে, x-এর মান নির্ণয় কর। ২

খ. $F(x)$ ফাংশনের ডোমেন নির্ণয় কর এবং ফাংশনটি এক-এক কিনা নির্ধারণ কর। ৪

গ. $F^{-1}(3)$ নির্ণয় কর। ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$F(x) = \frac{1}{x - 5}$

প্রশ্নমতে, $F(x) = 2$

বা, $\frac{1}{x-5} = 2$

বা, $x - 5 = \frac{1}{2}$

বা, $x = \frac{1}{2} + 5 = \frac{1+10}{2} = \frac{11}{2}$

$\therefore x = \frac{11}{2}$ **(Ans.)**

খ $F(x) = \frac{1}{x-5}$

এখানে, $x - 5 = 0$ বা, $x = 5$ বসালে প্রদত্ত ফাংশনটি অসংজ্ঞায়িত হয়। কিন্তু, $x = 5$ বাদে সকল বাস্ড়ব সংখ্যার জন্য $F(x)$ এর বাস্ড়ব মান পাওয়া যায়।

$\therefore$ ডোম, $F = \nabla - \{5\}$ **(Ans.)**

যেকোনো $x_1 \in$ ডোম F, $x_2 \in$ ডোম F এর জন্য $F(x_1) = F(x_2)$ হবে, যদি ও কেবল যদি, $x_1 = x_2$ হয়।

$\therefore \frac{1}{x_1 - 5} = \frac{1}{x_2 - 5}$

বা, $x_1 - 5 = x_2 - 5$

$\therefore x_1 = x_2$

সুতরাং, F এক-এক ফাংশন। **(Ans.)**

গ ধরি, $y = F(x) = \frac{1}{x-5}$

বা, $y = \frac{1}{x-5}$

বা, $xy - 5y = 1$

বা, $xy = 1 + 5y$

বা, $x = \frac{1+5y}{y}$

বা, $F^{-1}(y) = \frac{1+5y}{y}$ [□ $y = F(x)$ $\therefore x = F^{-1}(y)$]

বা, $F^{-1}(x) = \frac{1+5x}{x}$ [y কে x দ্বারা প্রতিস্থাপন করে]

$\therefore F^{-1}(3) = \frac{1 + 5.3}{3} = \frac{1 + 15}{3} = \frac{16}{3}$ **(Ans.)**

প্রশ্ন ▶৯ $S = \{(x, y): x^2 + y^2 + 6x + 8y + 9 = 0\}$ একটি অন্বয় এবং $A = \{x : x \in \mid, x$ মৌলিক সংখ্যা এবং $x < 7\}$, $B = \{x : x$ ধনাত্মক পূর্ণসংখ্যা এবং $\sqrt{x} < 2\}$ দুইটি সেট। *[চ. বো. ১৭]*

ক. B সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $P(A) \cap P(B) = P(A \cap B)$. ৪

গ. S অন্বয়ের লেখচিত্র অঙ্কন কর এবং অন্বয়টি ফাংশন কিনা তা লেখচিত্র থেকে নির্ণয় কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $B = \{x : x$ ধনাত্মক পূর্ণ সংখ্যা এবং $\sqrt{x} < 2\}$

এখন, $x = 1$ হলে $\sqrt{x} = \sqrt{1} = 1 < 2$

$x = 2$ হলে $\sqrt{x} = \sqrt{2} = 1.4142 < 2$

$x = 3$ হলে $\sqrt{x} = \sqrt{3} = 1.7320 < 2$

$x = 4$ হলে $\sqrt{x} = \sqrt{4} = 2$

$\therefore B = \{1, 2, 3\}$ **(Ans.)**

খ দেওয়া আছে, $A = \{x : x \in \mid, x$ মৌলিক সংখ্যা এবং $x < 7\}$

$= \{2, 3, 5\}$

এবং $B = \{1, 2, 3\}$ ['ক' থেকে]

$\therefore P(A) = \{\{2\}, \{3\}, \{5\}, \{2, 3\}, \{3, 5\}, \{2, 5\}, \{2, 3, 5\}, \varnothing\}$

$P(B) = \{\{1\}, \{2\}, \{3\}, \{1, 2\}, \{2, 3\}, \{1, 3\}, \{1, 2, 3\}, \varnothing\}$

$A \cap B = \{2, 3, 5\} \cap \{1, 2, 3\} = \{2, 3\}$

বামপক্ষ $= P(A) \cap P(B) = \{\{2\}, \{3\}, \{2, 3\}, \phi\}$

ডানপক্ষ $= P(A \cap B) = \{\{2\}, \{3\}, \{2, 3\}, \phi\}$

$\therefore P(A) \cap P(B) = P(A \cap B)$ **(দেখানো হলো)**

গ দেওয়া আছে, $S = \{(x, y)\text{ঃ } x^2 + y^2 + 6x + 8y + 9 = 0\}$

$= \{(x, y) \text{ঃ } x^2 + 2.x.3 + 3^2 + y^2 + 2.y.4 + 4^2 - 16 = 0\}$

$= \{(x, y) \text{ঃ } (x + 3)^2 + (y + 4)^2 = 4^2\}$

সুতরাং S এর লেখচিত্র একটি বৃত্ত যার কেন্দ্র $(-3, -4)$ এবং ব্যাসার্ধ, $r = 4$ একক। ছক কাগজে $(-3, -4)$ বিন্দু পাতন করে একে কেন্দ্র করে 4 একক ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্ত অঙ্কন করলেই S এর লেখ পাওয়া যায়। নিম্নে তা দেখানো হলো:



লেখচিত্রে দেখা যায় যে, বৃত্তটি y-অক্ষকে দুটি বিন্দুতে ছেদ করে। বিন্দুদ্বয়ের স্থানাঙ্কের ভুজ শূন্য (0)। সুতরাং S অন্বয়টি ফাংশন নয়।

প্রশ্ন ▶ ১০ $A = \{x : x \in \nabla \text{ এবং } x^2 - 9x + 20 = 0\}$

$B = \{5, 6\}$ এবং $C = \{x : x \text{ মৌলিক সংখ্যা এবং } 6 \le x \le 12\}$. *[চ. বো. ১৫]*

ক. A সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. $P(B \cup C)$ এর উপাদান সংখ্যা কত লিখ। ৪

গ. প্রমাণ কর যে, $P(A) \cap P(B) \neq P(A \cup B)$. ৪

১০ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$A = \{x : x \in \nabla \text{ এবং } x^2 - 9x + 20 = 0\}$

$x^2 - 9x + 20 = 0$

বা, $x^2 - 4x - 5x + 20 = 0$

বা, $x(x - 4) - 5(x - 4) = 0$

বা, $(x - 4)(x - 5) = 0$

$\therefore A = \{x : x \in \nabla \text{ এবং } x = 4, 5\}$

তালিকা পদ্ধতিতে প্রকাশ করলে, $A = \{4, 5\}$ **(Ans.)**

খ দেওয়া আছে, $B = \{5, 6\}$

এবং $C = \{x : x \text{ মৌলিক সংখ্যা এবং } 6 \le x \le 12\}$

6 থেকে 12 এর মাঝে মৌলিক সংখ্যা 7 এবং 11

C এর তালিকা পদ্ধতিতে প্রকাশ, $C = \{7, 11\}$

$\therefore B \cup C = \{5, 6\} \cup \{7, 11\} = \{5, 6, 7, 11\}$

$B \cup C$ এর উপাদান সংখ্যা, $n = 4$

$\therefore P(B \cup C)$ এর উপাদান সংখ্যা $= 2^n = 2^4 = 16$ **(Ans.)**

গ দেওয়া আছে, $B = \{5, 6\}$

'ক' হতে পাই, $A = \{4, 5\}$

$P(A) = \{\{4\}, \{5\}, \{4, 5\}, \phi\}$

$P(B) = \{\{5\}, \{6\}, \{5, 6\}, \phi\}$

$\therefore P(A) \cap P(B) = \{\{5\}, \phi\}$

আবার, $A \cup B = \{4, 5\} \cup \{5, 6\} = \{4, 5, 6\}$

$P(A \cup B) = \{\{4\}, \{5\}, \{6\}, \{4, 5\}, \{4, 6\}, \{5, 6\}, \{4, 5, 6\}, \phi\}$

$\therefore P(A) \cap P(B) \neq P(A \cup B)$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶ ১১ $f(x) = \sqrt{2x - 3}$ একটি ফাংশন। *[সি. বো. ১৭]*

ক. $f(x) = 1$ হলে x এর মান নির্ণয় কর। ২

খ. $f(x)$ এর ডোমেন নির্ণয় কর এবং ফাংশনটি এক-এক কিনা দেখাও। ৪

গ. $f^{-1}(x)$ এর রেঞ্জ নির্ণয় কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = \sqrt{2x - 3}$

প্রশ্নমতে, $f(x) = 1$

বা, $\sqrt{2x - 3} = 1$

বা, $2x - 3 = 1$ [বর্গ করে]

বা, $2x = 1 + 3$ বা, $x = \frac{4}{2}$

$\therefore x = 2$ **(Ans.)**

খ $f(x)$ সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি $2x - 3 \geq 0$ হয়।

বা, $2x - 3 + 3 \geq 3$

বা, $2x \geq 3 \quad \therefore x \geq \frac{3}{2}$

$\therefore$ ডোমেন $= \left\{x \in \nabla : x \geq \frac{3}{2}\right\}$ **(Ans.)**

$f(x)$ এক-এক হবে যদি ও কেবল যদি যেকোনো $x_1, x_2 \in$ ডোম f,

$x_1 \neq x_2$ এর জন্য $f(x_1) = f(x_2)$ হলে $x_1 = x_2$ হয়।

ধরি, $f(x_1) = f(x_2)$

$\therefore \sqrt{2x_1 - 3} = \sqrt{2x_2 - 3}$

বা, $2x_1 - 3 = 2x_2 - 3$ [বর্গ করে]

বা, $2x_1 = 2x_2 \quad \therefore x_1 = x_2$

$\therefore f$ ফাংশনটি এক-এক। **(দেখানো হলো)**

গ ধরি, $f^{-1}(x) = a$

বা, $x = f(a)$

বা, $x = \sqrt{2a - 3}$

বা, $x^2 = 2a - 3$

বা, $2a = x^2 + 3$

বা, $a = \frac{x^2 + 3}{2}$

$\therefore f^{-1}(x) = \frac{x^2 + 3}{2}$

আবার, ধরি, $y = \frac{x^2 + 3}{2}$

বা, $x^2 + 3 = 2y$

বা, $x^2 = 2y - 3$

$\therefore x = \sqrt{2y - 3}$

এখন, x সংজ্ঞায়িত হবে যদিও কেবল যদি $2y - 3 \geq 0$ বা, $y \geq \frac{3}{2}$ হয়।

$\therefore f^{-1}(x)$ এর রেঞ্জ $= \left\{ y \in \nabla : y \geq \frac{3}{2} \right\}$ **(Ans.)**

প্রশ্ন ▶১২



[সি. বো. ১৫]

ক. $P(x) = 2x^2 + 3x$ হলে, $P(-2)$ নির্ণয় কর। ২

খ. $x = 2$ হলে দেখাও যে, $P(B) \neq P(A' \cap B)$। ৪

গ. $f(x) = n(C \cap A' \cap B')$ হলে দেখাও যে, $f(x)$ এক-এক ফাংশন ও $f^{-1}(3) = 0$. ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $P(x) = 2x^2 + 3x$

$\therefore P(-2) = 2(-2)^2 + 3(-2) = 2.4 - 6 = 8 - 6 = 2$ **(Ans.)**

খ ভেনচিত্র থেকে, $B = \{x - 1, x + 1, x + 2, x + 3\}$

$x = 2$ হলে, $B = \{1, 3, 4, 5\}$

$\therefore$ P(B) = {{1}, {3}, {4}, {5}, {1, 3}, {1, 4}, {1, 5}, {3, 4}, {3, 5}, {4, 5}, {1, 3, 4}, {1, 3, 5}, {1, 4, 5}, {3, 4, 5}, {1, 3, 4, 5}, ϕ}

ভেনচিত্র থেকে, $A' \cap B = \{x + 2, x - 1\}$

$x = 2$ হলে, $A' \cap B = \{4, 1\}$

$\therefore$ $P(A' \cap B) = \{\{4\}, \{1\}, \{4, 1\}, \phi\}$

$\therefore$ $P(B) \neq P(A' \cap B)$ **(দেখানো হলো)**

গ ভেনচিত্র হতে, $n(C \cap A' \cap B') = 2x + 3$

$\therefore$ $f(x) = 2x + 3 = y$ (ধরি)

বা, $2x = y - 3$

বা, $x = \frac{y - 3}{2} = f^{-1}(y)$

$\therefore$ $f^{-1}(x) = \frac{x - 3}{2}$

$f^{-1}(3) = \frac{3 - 3}{2} = \frac{0}{2} = 0$

$\therefore$ $f^{-1}(3) = 0$ **(দেখানো হলো)**

আবার, ধরি, $x_1, x_2 \in$ ডোম f

$f(x)$ ফাংশন এক-এক হবে যদি ও কেবল যদি যেকোনো $x_1, x_2 \in$ ডোম f এর জন্য $f(x_1) = f(x_2)$ হলে $x_1 = x_2$ হয়।

তাহলে, $f(x_1) = f(x_2)$

$\Rightarrow 2x_1 + 3 = 2x_2 + 3$

$\Rightarrow 2x_1 = 2x_2$

$\therefore$ $x_1 = x_2$

$\therefore$ $f(x)$ এক-এক ফাংশন। **(দেখানো হলো)**

প্রশ্ন ▶ ১৩ $f(x) = \frac{4x + 3}{2x + 5}$ *[য. বো. ১৭]*

ক. $f(x)$ এর ডোমেন নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $f(x)$ এক-এক ফাংশন। ৪

গ. $f^{-1}(-2) = p.f^{-1}(-3)$ হলে, p এর মান নির্ণয় কর। ৪

১৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = \frac{4x + 3}{2x + 5}$

$f(x)$ সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি $2x + 5 \neq 0$ হয়।

বা, $2x \neq -5$

$\therefore x \neq -\frac{5}{2}$

$\therefore$ ডোমেন $= \nabla - \left\{-\frac{5}{2}\right\}$ **(Ans.)**

খ যেকোনো $x_1, x_2 \in$ ডোম f এর জন্য $f(x)$ এক-এক হবে যদি ও কেবল যদি $f(x_1) = f(x_2)$ হলে $x_1 = x_2$ হয়।

ধরি, $f(x_1) = f(x_2)$

বা, $\frac{4x_1 + 3}{2x_1 + 5} = \frac{4x_2 + 3}{2x_2 + 5}$

বা, $8x_1x_2 + 6x_2 + 20x_1 + 15 = 8x_1x_2 + 6x_1 + 20x_2 + 15$

বা, $20x_1 - 6x_1 = 20x_2 - 6x_2$

বা, $14x_1 = 14x_2$

$\therefore x_1 = x_2$

$\therefore f$ ফাংশনটি এক-এক। **(দেখানো হলো)**

গ ধরি $f^{-1}(x) = a$

বা, $x = f(a)$ বা, $x = \frac{4a + 3}{2a + 5}$

বা, $2ax + 5x = 4a + 3$

বা, $2ax - 4a = 3 - 5x$

বা, $a(2x - 4) = 3 - 5x$

বা, $a = \frac{3 - 5x}{2x - 4}$

$\therefore f^{-1}(x) = \frac{3 - 5x}{2x - 4}$

প্রশ্নমতে, $f^{-1}(-2) = p\, f^{-1}(-3)$

বা, $\frac{3 - 5.(-2)}{2.(-2) - 4} = p\left\{\frac{3 - 5.(-3)}{2.(-3) - 4}\right\}$

বা, $\frac{3 + 10}{-4 - 4} = p\left(\frac{3 + 15}{-6 - 4}\right)$

বা, $\frac{13}{-8} = p\left(\frac{18}{-10}\right)$

বা, $p = \frac{13 \times 10}{18 \times 8}$

$\therefore p = \frac{65}{72}$ **(Ans.)**

প্রশ্ন ▶১৪ $E = \{x : x \in \nabla$ এবং $x^2 - (a + b)x + ab = 0, a, b \in \nabla\}$, $F = \{3, 4\}$ এবং $G = \{4, 5, 6\}$*[ব. বো. ১৭]*

ক. E সেটের উপাদানসমূহ নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $P(F \cap G) = P(F) \cap P(G)$. ৪

গ. দেখাও যে, $E \times (F \cup G) = (E \times F) \cup (E \times G)$. ৪

১৪ নং প্রশ্নের সমাধান

ক সৃজনশীল ৩(ক) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-**১১**

খ দেওয়া আছে, $F = \{3, 4\}$ এবং $G = \{4, 5, 6\}$

এখানে, $F \cap G = \{3, 4\} \cap \{4, 5, 6\} = \{4\}$

এখন, $P(F) = \{\{3, 4\}, \{3\}, \{4\}, \varnothing\}$

এবং $P(G) = \{\{4, 5, 6\}, \{4, 5\}, \{4, 6\}, \{5, 6\}, \{4\}, \{5\}, \{6\}, \varnothing\}$

বামপক্ষ $= P(F \cap G) = \{\{4\}, \varnothing\}$

এবং ডানপক্ষ $= P(F) \cap P(G)$

$= \{\{3, 4\}, \{3\}, \{4\}, \varnothing\} \cap \{\{4, 5, 6\}, \{4, 5\}, \{4, 6\}, \{5, 6\}, \{4\}, \{5\}, \{6\}, \varnothing\}$

$= \{\{4\}, \varnothing\}$

$\therefore P(F \cap G) = P(F) \cap P(G)$ **(প্রমাণিত)**

গ দেওয়া আছে, $F = \{3, 4\}$ এবং $G = \{4, 5, 6\}$

'ক' থেকে পাই, $E = \{a, b\}$

এখানে, $F \cup G = \{3, 4\} \cup \{4, 5, 6\} = \{3, 4, 5, 6\}$

$E \times F = \{a, b\} \times \{3, 4\}$

$= \{(a, 3), (a, 4), (b, 3), (b, 4)\}$

এবং $E \times G = \{a, b\} \times \{4, 5, 6\}$

$= \{(a, 4), (a, 5), (a, 6), (b, 4), (b, 5), (b, 6)\}$

এখন, বামপক্ষ $= E \times (F \cup G) = \{a, b\} \times \{3, 4, 5, 6\}$

$= \{(a, 3), (a, 4), (a, 5), (a, 6), (b, 3), (b, 4), (b, 5), (b, 6)\}$

এবং ডানপক্ষ $= (E \times F) \cup (E \times G)$

$= \{(a, 3), (a, 4), (b, 3), (b, 4)\} \cup \{(a, 4), (a, 5), (a, 6), (b, 4), (b, 5), (b, 6)\}$

$= \{(a, 3), (a, 4), (a, 5), (a, 6), (b, 3), (b, 4), (b, 5), (b, 6)\}$

$\therefore E \times (F \cup G) = (E \times F) \cup (E \times G)$ **(দেখানো হলো)**

প্রশ্ন ▶ ১৫ $F(x) = \sqrt{1-2x}$ *[ব. বো. ১৫]*

ক. $F(x)$ এর ডোমেন নির্ণয় কর। ২

খ. ফাংশনটি এক-এক কিনা তা নির্ধারণ কর। ৪

গ. $F^{-1}(x)$ নির্ণয় কর। ৪

১৫ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$F(x) = \sqrt{1-2x}$

$F(x)$ ফাংশনটি সংজ্ঞায়িত হবে যদি ও কেবল যদি,

$1 - 2x \geq 0$

বা, $-2x \geq -1$ বা, $2x \leq 1$

$\therefore x \leq \frac{1}{2}$

$\therefore F(x) = \sqrt{1-2x}$ এর ডোমেন $= \{x \in \nabla : x \leq \frac{1}{2}\}$

খ ধরি, $x_1, x_2 \in$ ডোম F

$F(x)$ ফাংশনটি এক-এক হবে যদি ও কেবল যদি $F(x_1) = F(x_2)$ এর জন্য $x_1 = x_2$ হয়।

ধরি, $F(x_1) = F(x_2)$

বা, $\sqrt{1-2x_1} = \sqrt{1-2x_2}$

বা, $1 - 2x_1 = 1 - 2x_2$

বা, $-2x_1 = -2x_2$

$\therefore x_1 = x_2$

$\therefore$ ফাংশনটি এক-এক।

গ ধরি, $y = F(x) = \sqrt{1-2x}$

বা, $y^2 = 1 - 2x$ [বর্গ করে]

বা, $2x = 1 - y^2$ বা, $x = \frac{1-y^2}{2} = F^{-1}(y)$

$\therefore F^{-1}(y) = \frac{1-y^2}{2}$

$\therefore F^{-1}(x) = \frac{1-x^2}{2}$ **(Ans.)**

প্রশ্ন ▶ ১৬ $A = \{x : x \in \mid$ এবং $1 < x < 4\}$

$B = \{x : x \in \mid$ এবং $x^2 \geq 25, x^3 < 130\}$

$C = \{5, 7\}$ এবং $f(x) = \frac{1}{x-3}$ *[মির্জাপুর ক্যাডেট কলেজ, টাঙ্গাইল]*

ক. B সেটটিকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$ ৪

গ. $f(x)$ এর ডোমেন নির্ণয় কর এবং $f(x)$ এক-এক কিনা যাচাই কর। ৪

১৬ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $B = \{x : x \in \mid \text{এবং } x^2 \geq 25, x^3 < 130\}$

আমরা জানি, $\mid = \{1, 2, 3, 4, ...\}$

এখন, $x = 4$ হলে, $x^2 = 16 \not\in 25$ এবং $x^3 = 64 < 130$

$x = 5$ হলে, $x^2 = 25 \geq 25$ এবং $x^3 = 125 < 130$

$x = 6$ হলে, $x^2 = 36 \geq 25$ এবং $x^3 = 216 \not\in 130$

$\therefore$ $B = \{5\}$ **(Ans.)**

খ দেওয়া আছে, $A = \{x : x \in \mid \text{এবং } 1 < x < 4\}$

$\therefore$ $A = \{2, 3\}$

$B = \{5\}$ ['ক' হতে]

$C = \{5, 7\}$

$\therefore$ $B \cup C = \{5\} \cup \{5, 7\} = \{5, 7\}$

$\therefore$ $A \times (B \cup C) = \{2, 3\} \times \{5, 7\}$

$= \{(2, 5), (2, 7), (3, 5), (3, 7)\}$

$A \times B = \{2, 3\} \times \{5\} = \{(2, 5), (3, 5)\}$

$A \times C = \{2, 3\} \times \{5, 7\} = \{(2, 5), (2, 7), (3, 5), (3, 7)\}$

$\therefore$ $(A \times B) \cup (A \times C) = \{(2, 5), (3, 5)\} \cup \{(2, 5), (2, 7), (3, 5), (3, 7)\}$

$= \{(2, 5), (3, 5), (2, 7), (3, 7)\}$

$\therefore$ $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$ **(দেখানো হলো)**

গ $F(x) = \dfrac{1}{x - 3}$

এখানে, $x - 3 = 0$ বা, $x = 3$ বসালে প্রদত্ত ফাংশনটি অসংজ্ঞায়িত হয়। কিন্তু, $x = 3$ বাদে সকল বাস্ড়ব সংখ্যার জন্য $F(x)$ এর বাস্ড়ব মান পাওয়া যায়।

$\therefore$ ডোম, $F = \nabla - \{3\}$ **(Ans.)**

যেকোনো $x_1 \in$ ডোম F, $x_2 \in$ ডোম F এর জন্য $F(x_1) = F(x_2)$ হবে, যদি ও কেবল যদি, $x_1 = x_2$ হয়।

$\therefore \dfrac{1}{x_1 - 3} = \dfrac{1}{x_2 - 3}$

বা, $x_1 - 3 = x_2 - 3$

$\therefore x_1 = x_2$

সুতরাং, F এক-এক ফাংশন। **(Ans.)**

প্রশ্ন ▶১৭ $f(x) = 3x + 1, 0 \le x \le 2$ *[ময়মনসিংহ গার্লস ক্যাডেট কলেজ, ময়মনসিংহ]*

ক. f এর রেঞ্জ নির্ণয় কর। ২

খ. দেখাও যে, f ফাংশনটি এক-এক। ৪

গ. f^{-1} নির্ণয় কর এবং f^{-1} এর গ্রাফ আঁক। ৪

১৭ নং প্রশ্নের সমাধান

ক $f(x) = 3x + 1, 0 \le x \le 2$

$\therefore f(0) = 3.0 + 1 = 1$

এবং $f(2) = 3.2 + 1 = 7$

$\therefore$ রেঞ্জ $f = \{f(x) : 1 \le f(x) \le 7\}$ **(Ans.)**

খ f ফাংশনটি এক-এক হবে যদি ও কেবল যদি সকল $x_1, x_2 \in$ ডোম f এর জন্য $f(x_1) = f(x_2)$ হলে $x_1 = x_2$ হয়।

ধরি, $f(x_1) = f(x_2)$

বা, $3x_1 + 1 = 3x_2 + 1$ [উভয় পক্ষে (-1) যোগ করে]

বা, $3x_1 = 3x_2$

$\therefore x_1 = x_2$

সুতরাং f ফাংশনটি এক-এক। **(দেখানো হলো)**

গ ধরি, $y = f(x)$ তাহলে, $x = f^{-1}(y)$ ..... (i)

বা, $y = 3x + 1$

বা, $y - 1 = 3x$

বা, $x = \frac{y-1}{3}$

বা, $x = \frac{1}{3}(y - 1)$

$\therefore f^{-1}(y) = \frac{1}{3}(y - 1)$; [(i) নং হতে]

y এর স্থলে x বসিয়ে পাই,

$f^{-1}(x) = \frac{1}{3}(x - 1)$ **(Ans.)**

আবার, $f^{-1}(x) = \frac{1}{3}(x - 1); 1 \le x \le 7$

ধরি, $y = \frac{1}{3}(x - 1)$

1 থেকে 7 এর মধ্যে x এর কয়েকটি মান নিয়ে সংশিণ্টষ্ট y এর মান নিম্নের ছকে দেখানো হলো:

x	1	2	3	4	5	7
y	0	.33	.66	1	1.33	2

এখন ছক কাগজে সুবিধামত x-অক্ষ XOX' এবং y-অক্ষ YOY' আঁকি। x-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 3 ঘর = 1 একক এবং y-অক্ষ বরাবর ক্ষুদ্রতম 3 ঘর = 1 একক ধরে (x, y) বিন্দুগুলো পাতন করি। বিন্দুগুলোকে সহজভাবে সরলরেখায় যুক্ত করে f^{-1} এর লেখচিত্র পাওয়া যাবে যা নিম্নে দেখানো হলো:



প্রশ্ন ▶ ১৮ $f(x) = \frac{x + 2}{2x - 1}$ *[কুমিলণ্টা ক্যাডেট কলেজ, কুমিলণ্টা]*

ক. $f(x)$ এর ডোমেন নির্ণয় কর। ২

খ. দেখাও যে, $f(x)$ এক-এক ফাংশন। ৪

গ. প্রমাণ কর যে, $f(x) = f^{-1}(x)$ ৪

১৮ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = \frac{x + 2}{2x - 1}$

$f(x) \in \nabla$ হবে যদি ও কেবল যদি

$2x - 1 \neq 0$ অর্থাৎ $x \neq \frac{1}{2}$ হয়

$\therefore$ ডোমেন $f = \nabla - \left\{\frac{1}{2}\right\}$ **(Ans.)**

খ ধরি, $a, b \in$ ডোম f এবং $f(x)$ এক-এক হবে যদি ও কেবল যদি $f(a) = f(b)$ এর জন্য $a = b$ হয়।

$\therefore f(a) = f(b)$

বা, $\frac{a+2}{2a-1} = \frac{b+2}{2b-1}$

বা, $2ab + 4b - a - 2 = 2ab + 4a - b - 2$

বা, $-5a = -5b$

$\therefore a = b$

$\therefore f(x)$ ফাংশনটি এক-এক **(দেখানো হলো)**

গ ধরি, $f^{-1}(x) = a$

$\therefore x = f(a)$

বা, $x = \frac{a+2}{2a-1}$

বা, $2ax - x = a + 2$

বা, $2ax - a = x + 2$

বা, $a(2x - 1) = x + 2$

বা, $a = \frac{x+2}{2x-1}$

$\therefore f^{-1}(x) = \frac{x+2}{2x-1} = f(x)$

সুতরাং $f(x) = f^{-1}(x)$ **(প্রমাণিত)**

প্রশ্ন ▶ ১৯ $f : \nabla \to \nabla$, $g : \nabla \to \nabla$ ফাংশনদ্বয় $f(x) = x^3 + 5$, $g(x) = (x-5)^{\frac{1}{3}}$ দ্বারা সংজ্ঞায়িত। *[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]*

ক. ডোম f নির্ণয় কর। ২

খ. f ফাংশনটি এক-এক এবং সার্বিক কিনা তা নির্ধারণ কর। ৪

গ. দেখাও যে, $g = f^{-1}$ এবং $f^{-1}(13)$ নির্ণয় কর। ৪

১৯ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f(x) = x^3 + 5$

x এর সকল বাস্ড়ব মানের জন্য $f(x)$ সংজ্ঞায়িত।

$\therefore$ ডোম $f = \nabla$

খ $f : \nabla \to \nabla$ এবং $f(x) = x^3 + 5$

মনে করি, $a, b \in \nabla$

$f(a) = a^3 + 5$

$f(b) = b^3 + 5$

ফাংশনটি এক এক হবে যদি $f(a) = f(b)$ এর জন্য $a = b$ হয়। সুতরাং

$a^3 + 5 = b^3 + 5$

বা, $a^3 = b^3$

বা, $a = b$ [ঘনমূল করে]

$\therefore$ $f(x)$ ফাংশনটি এক-এক। **(Ans.)**

ধরি, $y = f(x) = x^3 + 5$ $\therefore$ $f^{-1}(y) = x$

বা, $y - 5 = x^3$

বা, $x = (y - 5)^{\frac{1}{3}}$

বা, $f^{-1}(y) = (y - 5)^{\frac{1}{3}}$

$\therefore$ $f^{-1}(x) = (x - 5)^{\frac{1}{3}}$

$\therefore$ $f^{-1}(x)$ এর ডোমেন = ∇ = $f(x)$ এর কোডোমেন

$\therefore$ $f(x)$ ফাংশনটি সার্বিক।

গ দেওয়া আছে, $g(x) = (x - 5)^{\frac{1}{3}}$

'খ' হতে পাই, $f^{-1}(x) = (x - 5)^{\frac{1}{3}}$ ... ... (i)

$\therefore$ $g = f^{-1}$ **(দেখানো হলো)**

(i) নং এ $x = 13$ বসিয়ে পাই,

$f^{-1}(13) = (13 - 5)^{\frac{1}{3}}$

$= 8^{\frac{1}{3}} = (2^3)^{\frac{1}{3}} = 2$ **(Ans.)**

প্রশ্ন ▶ ২০ $A = \{x : x \in \nabla$ এবং $x^2 - (a + b)x + ab = 0\}$

$B = \{2, 3\}$, $C = \{3, 4, 5\}$ *[মনিপুর উচ্চ বিদ্যালয়, ঢাকা]*

ক. A সেটকে তালিকা পদ্ধতিতে প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $P(B \cap C) = P(B) \cap P(C)$ ৪

গ. প্রমাণ কর যে, $A \times (B \cup C) = (A \times B) \cup (A \times C)$ ৪

২০ নং প্রশ্নের সমাধান

ক প্রশ্নমতে, $x^2 - (a + b)x + ab = 0$

বা, $x^2 - ax - bx + ab = 0$

বা, $x(x - a) - b(x - a) = 0$

বা, $(x - a)(x - b) = 0$

$\therefore x = a, b$

$\therefore$ তালিকা পদ্ধতিতে, $A = \{a, b\}$ **(Ans.)**

খ সৃজনশীল ২(খ) নং সমাধান অনুরূপ। পৃষ্ঠা-১০

গ সৃজনশীল ২(গ) নং সমাধান অনুরূপ। পৃষ্ঠা-১০

প্রশ্ন ▶২১ $f : \nabla - \{1\} \to \nabla$ এবং $g : A \to \nabla$ ফাংশন দুইটি $f(x) = \dfrac{2x + 2}{x - 1}$ এবং $g(x) = \sqrt{x - 2}$ দ্বারা সংজ্ঞায়িত। *[গবর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ঢাকা]*

ক. ডোম f এবং ডোম g নির্ণয় কর। ২

খ. দেখাও যে, f এক-এক কিন্তু অনটু ফাংশন নয়। ৪

গ. x এর মান নির্ণয় কর যেখানে $3.f^{-1}(x) = g^{-1}(2)$ ৪

২১ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $f: \nabla\backslash\{1\} \to \nabla$, $f(x) = \dfrac{2x + 2}{x - 1}$

এবং $g : \nabla \to \nabla$, $g(x) = \sqrt{x - 2}$

$f(x) = \dfrac{2x + 2}{x - 1} \in \nabla$ হবে যদি ও কেবল যদি $x \in \nabla$ এবং $x - 1 \neq 0$

অর্থাৎ $x \neq 1$ হয়।

$\therefore$ ডোম $f = \{x \in \nabla : x \neq 1\}$ **(Ans.)**

$g(x) = \sqrt{x - 2} \in \nabla$ হবে যদি ও কেবল যদি $x \in \nabla$ এবং $x - 2 \geq 0$

অর্থাৎ $x \geq 2$ হয়।

$\therefore$ ডোম $g = A = \{x \in \nabla : x \geq 2\}$ **(Ans.)**

খ যে কোন $x_1, x_2 \in$ ডোম f এর জন্য $f(x_1) = f(x_2)$ হবে যদি ও কেবল যদি $x_1 = x_2$ হয়।

ধরি, $\dfrac{2x_1 + 2}{x_1 - 1} = \dfrac{2x_2 + 2}{x_2 - 1}$

বা, $\dfrac{x_1 + 1}{x_1 - 1} = \dfrac{x_2 + 1}{x_2 - 1}$

বা, $x_1x_2 + x_2 - x_1 - 1 = x_1x_2 + x_1 - x_2 - 1$

বা, $x_2 - x_1 = x_1 - x_2$

বা, $2x_2 = 2x_1 \therefore x_1 = x_2$

$\therefore$ f ফাংশনটি এক-এক। **(দেখানো হলো)**

ধরি, $y = \frac{2x + 2}{x - 1}$

বা, $yx - y = 2x + 2$

বা, $yx - 2x = y + 2$

$\therefore x = \frac{y + 2}{y - 2} \in \nabla$ হবে যদি ও কেবল যদি $y \in \nabla$ এবং $y - 2 \neq 0$

অর্থাৎ $y \neq 2$ হয়।

$\therefore$ রেঞ্জ $f = \nabla - \{2\} \neq$ কোডোমেন

$\therefore$ f ফাংশনটি অনটু নয়। **(দেখানো হলো)**

গ 'খ' থেকে পাই, $x = \frac{y + 2}{y - 2}$

বা, $f^{-1}(y) = \frac{y + 2}{y - 2}$ [$y = f(x)$ হলে $x = f^{-1}(y)$]

$\therefore f^{-1}(x) = \frac{x + 2}{x - 2}$

আবার, ধরি, $y = g(x) = \sqrt{x - 2}$

বা, $y^2 = x - 2$

বা, $x = y^2 + 2$

বা, $g^{-1}(y) = y^2 + 2$ [$y = g(x)$ হলে $x = g^{-1}(y)$]

$\therefore g^{-1}(x) = x^2 + 2$

এবং $g^{-1}(2) = 2^2 + 2 = 6$

দেওয়া আছে, $3f^{-1}(x) = g^{-1}(2)$

বা, $3.\frac{x + 2}{x - 2} = 6$

বা, $3x + 6 = 6x - 12$

বা, $3x - 6x = -12 - 6$

বা, $-3x = -18$

$\therefore x = 6$ **(Ans.)**

প্রশ্ন ▶ ২২ $g(x) = \sqrt{2x - 3}$ একটি ফাংশন। *[সামসুল হক খান স্কুল এন্ড কলেজ, ঢাকা]*

ক. $g(x) = 2$ হলে x এর মান নির্ণয় কর। ২

খ. $g(x)$ এর ডোমেন নির্ণয় কর এবং ফাংশনটি এক-এক কিনা দেখাও। ৪

গ. $g^{-1}(x)$ এর রেঞ্জ নির্ণয় কর। ৪

২২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, $g(x) = \sqrt{2x-3}$

শর্তমতে, $g(x) = 2$

বা, $\sqrt{2x-3} = 2$

বা, $2x - 3 = 4$

বা, $2x = 4 + 3$

বা, $2x = 7$

$\therefore x = \frac{7}{2}$ **(Ans.)**

খ সৃজনশীল ১১(খ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৩

গ সৃজনশীল ১১(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-১৪

প্রশ্ন ▶ ২৩ দশম শ্রেণির 100 জন ছাত্রের মধ্যে 46 জন ক্রিকেট, 42 জন ফুটবল এবং 39 জন ভলিবল খেলে। এদের মধ্যে 13 জন ফুটবল ও ক্রিকেট, 14 জন ক্রিকেট ও ভলিবল এবং 12 জন ফুটবল ও ভলিবল খেলতে পারে। এছাড়া 7 জন কোনো খেলায় পারদর্শী নয়। *[মাইলস্টোন কলেজ, ঢাকা]*

ক. উলিণ্ঢখিত তিনটি খেলায় পারদর্শী এমন ছাত্রদের সেট এবং কোনো খেলায় পারদর্শী নয় এমন ছাত্রদের সেট ভেনচিত্রে দেখাও। ২

খ. কতজন ছাত্র উলিণ্ঢখিত তিনটি খেলায় পারদর্শী তা নির্ণয় কর। ৪

গ. কতজন ছাত্র কেবলমাত্র একটি খেলায় পারদর্শী এবং কতজন অন্ড়ত দুটি খেলায় পারদর্শী? ৪

২৩ নং প্রশ্নের সমাধান

ক



খ ধরি, সকল ছাত্রের সেট U, ফুটবল খেলায় পারদর্শী ছাত্রদের সেট F, ক্রিকেট খেলায় পারদর্শী ছাত্রদের সেট C, ভলিবল খেলায় পারদর্শী ছাত্রদের সেট V

$n(U) = 100$

$n(F) = 42, n(C) = 46, n(V) = 39$

$n(F \cap C) = 13, n(C \cap V) = 14, n(F \cap V) = 12$

$n(F \cup C \cup V)' = 7$

আমরা জানি, $n(F \cup C \cup V)' = n(U) - n(F \cup C \cup V)$

বা, $7 = 100 - n(F \cup C \cup V)$

$\therefore \ n(F \cup C \cup V) = 93$

এখন, $n(F \cup C \cup V) = n(F) + n(C) + n(V) - n(F \cap C)$
$- n(F \cap V) - n(C \cap V) + n(F \cap C \cap V)$

বা, $93 = 42 + 46 + 39 - 13 - 12 - 14 + n(F \cap C \cap V)$

বা, $n(F \cap C \cap V) + 88 = 93$

$\therefore \ n(F \cap C \cap V) = 5$

$\therefore$ তিনটি খেলায় পারদর্শী শিক্ষার্থীর সংখ্যা 5 জন।

গ কেবল ফুটবল খেলে $= n(F) - n(F \cap C) - n(F \cap V) + n(F \cap C \cap V)$
$= 42 - 13 - 12 + 5 = 22$

কেবল ক্রিকেট খেলে $= n(C) - n(F \cap C) - n(C \cap V) + n(F \cap C \cap V)$
$= 46 - 13 - 14 + 5 = 24$

কেবল ভলিবল খেলে $= n(V) - n(V \cap C) - n(V \cap F) + n(F \cap C \cap V)$
$= 39 - 14 - 12 + 5 = 18$

$\therefore$ কেবল একটি খেলায় পারদর্শী $= 22 + 24 + 18 = 64$ জন। **(Ans.)**

কেবল ফুটবল ও ক্রিকেট খেলে $= n(F \cap C) - n(F \cap C \cap V)$
$= 13 - 5 = 8$

কেবল ক্রিকেট ও ভলিবল খেলে $= n(C \cap V) - n(F \cap C \cap V)$
$= 14 - 5 = 9$

কেবল ফুটবল ও ভলিবল খেলে $= n(F \cap V) - n(F \cap C \cap V)$
$= 12 - 5 = 7$

$\therefore$ অন্তত দুটি খেলায় পারদর্শী শিক্ষার্থী সংখ্যা $= (8 + 9 + 7 + 5)$ জন
$= 29$ জন **(Ans.)**

প্রশ্ন ▶ ২৪ দশম শ্রেণির 60 জন শিক্ষার্থীর মধ্যে 33 জন নিয়েছে গণিত, 27 জন নিয়েছে বাংলা, 23 জন নিয়েছে কম্পিউটার, 13 জন নিয়েছে বাংলা ও গণিত, 4 জন নিয়েছে কম্পিউটার ও গণিত এবং 3 জন শিক্ষার্থী তিনটি বিষয়ই নিয়েছে। 4 জন শিক্ষার্থী উক্ত বিষয়গুলোর একটি বিষয়ও নেয়নি।

[সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

ক. যে সকল শিক্ষার্থী তিনটি বিষয়ই নিয়েছে তাদেরকে ভেনচিত্রে দেখাও। ২

খ. কতজন শিক্ষার্থী কেবল বাংলা ও কম্পিউটার নিয়েছে? ৪

গ. কতজন শিক্ষার্থী কেবল একটি বিষয় নিয়েছে?৪

২৪ নং প্রশ্নের সমাধান

ক মনে করি, সকল শিক্ষার্থীর সেট S, যে সকল শিক্ষার্থী গণিত, বাংলা ও কম্পিউটার নিয়েছে তাদের সেট যথাক্রমে M, B ও C.



যে সকল শিক্ষার্থী তিনটি বিষয়ই নিয়েছে তাদের সেট $M \cap B \cap C$, যা ভেনচিত্রে গাঢ় অংশটুকু নির্দেশ করে।

খ প্রশ্নানুসারে,

$n(S) = 60, n(M) = 33, n(B) = 27, n(C) = 23$

$n(M \cap B) = 13, n(M \cap C) = 4, n(M \cap B \cap C) = 3$

এবং $n(M \cup B \cup C)' = 4$

বা, $n(S) - n(M \cup B \cup C) = 4$

বা, $60 - 4 = n(M \cup B \cup C)$

$\therefore n(M \cup B \cup C) = 56$

আমরা জানি,

$$n(M \cup B \cup C) = n(M) + n(B) + n(C) - n(B \cap M) - n(B \cap C) - n(M \cap C) + n(M \cap B \cap C)$$

বা, $56 = 33 + 27 + 23 - 13 - n(C \cap B) - 4 + 3$

বা, $n(C \cap B) = 69 - 56$

$\therefore n(C \cap B) = 13$

$\therefore$ কেবল বাংলা ও কম্পিউটার নিয়েছে = $(13 - 3)$ জন = 10 জন **(Ans.)**

গ শুধুমাত্র বাংলা ও কম্পিউটার নিয়েছে = 10 জন

শুধুমাত্র বাংলা ও গণিত নিয়েছে = $(13 - 3)$ জন = 10 জন

শুধুমাত্র কম্পিউটার ও গণিত নিয়েছে = $(4 - 3)$ জন = 1 জন

শুধুমাত্র বাংলা নিয়েছে = $(27 - 10 - 10 - 3)$ জন = 4 জন

শুধুমাত্র গণিত নিয়েছে = $(33 - 10 - 1 - 3)$ জন = 19 জন

শুধুমাত্র কম্পিউটার নিয়েছে = $(23 - 10 - 1 - 3)$ জন = 9 জন

$\therefore$ কেবল একটি বিষয় নিয়েছে = $(4 + 19 + 9)$ জন = 32 জন **(Ans.)**

প্রশ্ন ▶ ২৫ U সার্বিক সেট এবং A, B, C হলো U এর যেকোনো তিনটি উপসেট।

[শহীদ বীর উত্তম লেঃ আনোয়ার গার্লস কলেজ, ঢাকা]

ক. সার্বিক সেট বলতে কি বুঝ? ২

খ. দেখাও যে, $(A \cap B)' = A' \cup B'$. ৪

গ. A, B, C এর জন্য প্রমাণ কর যে, $A \times (B \cap C) = (A \times B) \cap (A \times C)$ ৪

২৫ নং প্রশ্নের সমাধান

ক **সার্বিক সেটঃ** যদি আলোচনাধীন সকল সেট একটি নির্দিষ্ট সেটের উপসেট হয় তবে ঐ নির্দিষ্ট সেটকে এর উপসেটগুলোর সাপেক্ষে সার্বিক সেট বলা হয়। সার্বিক সেটকে সাধারণত U দ্বারা প্রকাশ করা হয়।

খ ধরি, $x \in (A \cap B)'$

তাহলে, $x \notin (A \cap B)$

$\Rightarrow x \notin A$ অথবা $x \notin B$

$\Rightarrow x \in A'$ অথবা $x \in B'$

$\Rightarrow x \in A' \cup B'$

$\therefore (A \cap B)' \subseteq A' \cup B'$

আবার ধরি, $x \in A' \cup B'$

$\Rightarrow x \in A'$ অথবা $x \in B'$

$\Rightarrow x \notin A$ অথবা $x \notin B$

$\Rightarrow x \notin A \cap B$

$\Rightarrow x \in (A \cap B)'$

$\therefore A' \cup B' \subseteq (A \cap B)'$

$\therefore (A \cap B)' = A' \cup B'$ **(দেখানো হলো)**

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-১.১ এর প্রতিজ্ঞা-৩(ক) দ্রষ্টব্য। পৃষ্ঠা-৯

প্রশ্ন ▶২৬ $S = \{3^n : n = 0$ অথবা $n \in |\}$ এবং $A = \{3^n : n \in |\}$ দুইটি সেট।

[উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

ক. S কে তালিকায় প্রকাশ কর। ২

খ. দেখাও যে, $S \cup A = S$ ৪

গ. দেখাও যে, A একটি অনন্ড় সেট। ৪

২৬ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$S = \{3^n : n = 0$ অথবা $n \in |\} = \{1, 3, 9, 27, ...\}$ **(Ans.)**

খ 'ক' হতে পাই, $S = \{1, 3, 9, 27, ...\}$

দেওয়া আছে, $A = \{3^n : n \in |\} = \{3, 9, 27, 81, ...\}$

বামপক্ষ $= S \cup A = \{1, 3, 9, 27,.....\} \cup \{3, 9, 27, 81, ...\}$

$= \{1, 3, 9, 27, ...\}$

$= S =$ ডানপক্ষ

$\therefore \quad S \cup A = S$ **(দেখানো হলো)**

গ 'খ' হতে পাই,

$A = \{3, 9, 27, 81, \ldots\ldots\ldots\ldots, 3^n, \ldots\ldots\ldots\ldots\}$

স্বাভাবিক সংখ্যার সেট,

$| = \{1, 2, 3, 4, \ldots\ldots\ldots\ldots\ldots, n, \ldots\ldots\ldots\ldots\}$

এখন, আমরা A এবং | এর মধ্যে একটি এক-এক মিল দেখাতে পারি নিম্নোক্তভাবে,

A :	3, 9, 27, 81, ..., 3^n, ...
| :	1, 2, 3, 4, ..., n, ...

সুতরাং A ও | সমতুল। যেহেতু স্বাভাবিক সেট | একটি অনন্ড় সেট।

সুতরাং আমরা বলতে পারি A একটি অনন্ড় সেট **(দেখানো হলো)**

প্রশ্ন ▶২৭ $f : \nabla - \{1\} \to \nabla$ এবং $g : \nabla - \left\{-\frac{1}{2}\right\} \to \nabla$ ফাংশনদ্বয় $f(x) = \frac{2x + 2}{x - 1}$ এবং $g(x) = \frac{x - 3}{2x + 1}$ *[এস ও এস হারম্যান মেইনার কলেজ, ঢাকা]*

ক. ডোম f এবং ডোম g নির্ণয় কর। ২

খ. দেখাও যে, g ফাংশনটি এক-এক কিন্তু অনটু নয়। ৪

গ. $f^{-1}(x)$ নির্ণয় কর এবং $3f^{-1}(x) = x$ হলে, x এর মান নির্ণয় কর। ৪

২৭ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$f : \nabla \backslash \{1\} \to \nabla$ এবং $g : \nabla \backslash \left\{-\frac{1}{2}\right\} \to \nabla.$

$\therefore$ ডোম $f = \nabla \backslash \{1\}$ এবং ডোম $g = \nabla \backslash \left\{-\frac{1}{2}\right\}$ **(Ans.)**

খ দেওয়া আছে, $g(x) = \frac{x - 3}{2x + 1}$

এবং $g : \nabla \backslash \left\{-\frac{1}{2}\right\} \to \nabla$

$\therefore$ ডোম $g = \nabla \backslash \left\{-\frac{1}{2}\right\}$ এবং কোডোমেন $g = \nabla$

$g(x)$ এক-এক হবে যদি ও কেবল যদি যেকোনো $a, b \in$ ডোম g এর জন্য $g(a) = g(b)$ হলে $a = b$ হয়।

ধরি, $g(a) = g(b)$

বা, $\frac{a-3}{2a+1} = \frac{b-3}{2b+1}$

বা, $2ab - 6b + a - 3 = 2ab - 6a + b - 3$

বা, $a + 6a = b + 6b$

বা, $7a = 7b \quad \therefore a = b$

অতএব, $g(x)$ ফাংশনটি এক-এক। **(দেখানো হলো)**

ধরি, $y = g(x) = \frac{x-3}{2x+1}$

বা, $2xy + y = x - 3$

বা, $y + 3 = x - 2xy$

বা, $y + 3 = x(1 - 2y)$

$\therefore x = \frac{y+3}{1-2y} \in \nabla$ হবে যদি ও কেবল যদি $1 - 2y \neq 0$ বা $y \neq \frac{1}{2}$ হয়।

$\therefore g(x)$ এর রেঞ্জ $= \nabla - \left\{\frac{1}{2}\right\} \neq$ কোডোমেন

$\therefore g(x)$ ফাংশনটি অনটু নয়। **(দেখানো হলো)**

গ সৃজনশীল ১(গ) নং সমাধান দ্রষ্টব্য। পৃষ্ঠা-১০

প্রশ্ন ▶ ২৮ 60 জন লোকের মধ্যে 40 জন ইংরেজি, 30 জন ইংরেজি ও বাংলা বলতে পারে এবং প্রত্যেকেই দুইটি ভাষার অন্তত একটি বলতে পারে।

[সফিউদ্দিন সরকার একাডেমী এন্ড কলেজ, গাজীপুর]

ক. উপসেট ও শক্তি সেট কী? ২

খ. তথ্যগুলো ভেনচিত্রে স্থাপন করে সংক্ষিপ্ত বিবরণ দাও। ৪

গ. বাংলা বলতে পারা এবং কেবল বাংলা বলতে পারা লোকের সংখ্যা নির্ণয় কর। ৪

২৮ নং প্রশ্নের সমাধান

ক **উপসেট :** A ও B সেট হলে A কে B এর উপসেট বলা হয় যদি ও কেবল যদি A এর প্রত্যেক উপাদান B এর উপাদান হয় এবং একে $A \subseteq B$ লিখে প্রকাশ করা হয়।

শক্তিসেট : A সেটের সকল উপসেটের সেটকে A এর শক্তি সেট বলা হয় এবং $P(A)$ দ্বারা প্রকাশ করা হয়। উলেণ্টখ্য যে, $\varnothing \subseteq A$.

খ মনে করি, সকল লোকের সেট S



এবং তাদের মধ্যে যারা ইংরেজি বলতে পারে তাদের সেট E, যারা বাংলা বলতে পারে তাদের সেট B।

তাহলে, প্রশ্নানুসারে, $n(S) = 60$

$n(E) = 40$

$n(E \cap B) = 30$

এবং $S = E \cup B$

গ মনে করি, $n(B) = x$

তাহলে, $n(S) = n(E \cup B) = n(E) + n(B) - n(E \cap B)$ থেকে পাই,

$60 = 40 + x - 30$

বা, $60 = x + 10$

বা, $x = 60 - 10$

$\therefore x = 50$

অর্থাৎ $n(B) = 50$

$\therefore$ বাংলা বলতে পারে 50 জন। **(Ans.)**

এখন, যারা কেবলমাত্র বাংলা বলতে পারে, তাদের সেট হচ্ছে $(B \setminus E)$

মনে করি, $n(B \setminus E) = y$

যেহেতু $E \cap B$ এবং $(B \setminus E)$ নিশ্ছেদ এবং

$B = (E \cap B) \cup (B \setminus E)$

সুতরাং $n(B) = n(E \cap B) + n(B \setminus E)$

$\therefore 50 = 30 + y$

বা, $y = 50 - 30 = 20$

অর্থাৎ $n(B \setminus E) = 20$

$\therefore$ কেবলমাত্র বাংলা বলতে পারে 20 জন। **(Ans.)**

প্রশ্ন ▶ ২৯ $P = \{x : x \in \nabla$ এবং $x^2 - (a + b)x + ab = 0, a, b \in \nabla\}$,

$Q = \{3, 4\}$ এবং $R = \{4, 5, 6\}$

[এ.ভি.জে.এম. সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মুন্সিগঞ্জ]

ক. P সেটের উপাদানসমূহ নির্ণয় কর। ২

খ. প্রমাণ কর যে, $P(Q \cap R) = P(Q) \cap P(R)$ ৪

গ. দেখাও যে, $P \times (Q \cup R) = (P \times Q) \cup (P \times R)$ ৪

২৯ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ১৪ নং সমাধান অনুরূপ। পৃষ্ঠা-১৪

প্রশ্ন ▶ ৩০ $f(x) = \dfrac{2}{x - 3}$ *[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, মোমেনশাহী]*

ক. $f(x)$ এর ডোমেন নির্ণয় কর। ২

